সমকাল

তারিখ : 29 NOV 2015
পৃষ্ঠা : 9 কলাম : 2

# পাবিপ্রবিতে শ্রেণীকক্ষে ঢুকে শিক্ষার্থীকে পেটাল ছাত্রলীগ

■ পাবনা অফিস

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (পাবিপ্রবি) শ্রেণীকক্ষে ঢুকে রকিব হাসান বিপ্লব নামের এক শিক্ষার্থীকে রড দিয়ে পিটিয়েছে ছাত্রলীগের কর্মীরা। গতকাল শনিবার বেলা সাড়ে ১১টার দিকে ব্যবসায় প্রশাসন বিভাগে এ ঘটনা ঘটে। গুরুতর আহত অবস্থায় বিপ্লবকে পাবনা মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে।

পাবিপ্রবি সূত্র জানায়, গতকাল ব্যবসায় প্রশাসন বিভাগে সেশন ফি না দিয়ে পরীক্ষা দিতে যায় মুশফিক মোর্শেদ মুকিম ও আল মুহাইমিন সাগর নামের দুই ছাত্রলীগ কর্মী। এ সময় বিভাগের সহকারী অধ্যাপক হাসিবুর রহমান তাদের পরীক্ষা হল থেকে বের করে দেন। এতে ক্ষিপ্ত হয়ে ছাত্রলীগ ক্যাডার মুকিম, নাজমুল, সাগরসহ সাত-আটজন সাধারণ শিক্ষার্থীদের বেধড়ক পেটানো শুরু করে। বেলা সাড়ে ১১টার দিকে তারা বাংলা বিভাগের তৃতীয় বর্ষের প্রথম সেমিস্টারের ছাত্র রকিব হাসান বিপ্লবকে শ্রেণীকক্ষে ঢুকে শিক্ষার্থীদের সামনেই লোহার রড দিয়ে পেটায়। বিপ্লবের বাড়ি পাবনার চাটমোহর উপজেলায়, আর মুকিমের বাড়ি কুমিল্লা জেলায়।

এ সম্পর্কে বিপ্লব সমকালকে বলেন, কোনো কিছু বুঝে ওঠার আগেই ছাত্রলীগ ক্যাডার মুকিম ও সাগর আমাকে লোহার রড দিয়ে মারতে থাকে। পাবিপ্রবি প্রক্টর আওয়াল কবির জয় সমকালকে বলেন, মুকিম, সাগর, নাজমুলসহ সাত-আটজনের একটি উচ্ছৃঙ্খল গ্রুপ এই হামলা করে বলে আমরা দুটি অভিযোগ পেয়েছি। এ ব্যাপারে একটি তদন্ত কমিটি গঠন করে দোষীদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়া হবে।

পাবিপ্রবি উপাচার্য অধ্যাপক ড. আল নকীব চৌধুরী এ ঘটনার তদন্ত কমিটি গঠন করে দোষীদের দৃষ্টান্তমূলক শাস্তি দেওয়ার আশ্বাস দিয়েছেন।

পাবনা সদর থানার ওসি আবদুল্লাহ আল মাহমুদ জানান, এ ঘটনায় কেউ থানায় মামলা করেনি।